

লিয়েন মঞ্জুরীর বিধান। কি কি কারণে একজন কর্মকর্তার লিয়েন বাতিল করা হয়?

বাংলাদেশ সার্ভিস রুলস্, প্রথম খণ্ডের বিধি-১৭ তে বর্ণিত আছে যে, এই বিধিমালায় বিশেষ কোন ক্ষেত্রে সুনির্দিষ্টভাবে অন্যরূপ কোন বিধান না থাকার ক্ষেত্রে একজন সরকারী কর্মচারী একটি স্থায়ী পদে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত হইলে, ঐ পদে তাহার লিয়েন অর্জিত হয়।

তিনি পরে অন্য কোন স্থায়ী পদে স্থায়ী নিয়োগ লাভ করিলে, শেষোক্ত পদে তিনি নতুন লিয়েন অর্জন করিতেন এবং পূর্বে পদে তাহার লিয়েন বিলুপ্ত হইবে। অর্থাৎ একই সঙ্গে দুই বা ততোধিক পদে লিয়েন জন্মে না।

**যে কারণে কর্মচারীর লিয়েনের অবসান ঘটে**

১। বাংলাদেশ সার্ভিস রুলস্, প্রথম খণ্ডের বিধি-১৭ তে বর্ণিত আছে যে, বিশেষ কোন ক্ষেত্রে সুনির্দিষ্টভাবে অন্যরূপ কোন বিধান না থাকার ক্ষেত্রে একজন সরকারী কর্মচারী একটি স্থায়ী পদে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত হইলে, ঐ পদে তাহার লিয়েন অর্জিত হয়। পরে কোন স্থায়ীপদে স্থায়ী নিয়োগ লাভ করিলে, শেষোক্ত পদে তিনি নতুন লিয়েন অর্জন করিবেন এবং পূর্ব পদে তাহার ধারণকৃত লিয়েনের অবসান হইবে।

২। বিধি-২০(৩) তে বর্ণিত আছে যে, ২০(১) ও ২০(২) বিধিতে যাহাই বর্ণিত থাকুক না কেন, একজন সরকারী কর্মচারীর টেনিউর পদের উপর লিয়েন কোন অবস্থাতেই স্থগিত রাখা যাইবে না। যদি তিনি অন্য কোন স্থায়ী পদে স্থায়ীভাবে নিয়োজিত হন, তাহা হইলে টেনিউর পদে তাহার লিয়েনের অবসান/বিলুপ্তি ঘটিবে।

৩। বিধি-২১(২) তে বর্ণিত আছে যে বিধি-২০(১)(বি) এর ক্ষেত্রে একজন সরকারী কর্মচারীর চাকুরীরত অবস্থায় তাহার লিখিত অনুরোধের ভিত্তিতে লিয়েন বাতিল করা যায়।